

স্বাক্ষরিত
১২/০৮/১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরেবাংলানগর, ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

বিজ্ঞপ্তি

নং-৮০.১০৩.০১১.০০.০০.০০২.২০১৬-৪৬০

তারিখ : ০৬ আগস্ট ২০১৭ খ্রিঃ

বিষয় : বাণিজ্য মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন যৌথ মূলধন কোম্পানী ও ফার্ম সমূহের পরিদপ্তর এর “এক্সামিনার অব একাউন্টস” পদে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময়সূচী প্রসঙ্গে।

বাণিজ্য মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন যৌথ মূলধন কোম্পানী ও ফার্ম সমূহের পরিদপ্তর এর “এক্সামিনার অব একাউন্টস” পদে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ ও BPS Form-3 জমাদানকৃত যোগ্য ২১ জন প্রার্থীর মৌখিক পরীক্ষা নিম্নবর্ণিত তারিখ ও সময়ে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের প্রধান কার্যালয়, আগারগাঁও, শেরেবাংলানগর, ঢাকায় অনুষ্ঠিত হবে :

পদের নাম	মৌখিক পরীক্ষার তারিখ ও সময়	রেজিস্ট্রেশন নম্বর সমূহ
এক্সামিনার অব একাউন্টস	২৪.০৮.২০১৭ তারিখ সকাল ১০.৩০ মিনিট	০০০০০৫, ০০০০০৬, ০০০০০৭, ০০০০০৮, ০০০০১৪, ০০০০১৫, ০০০০২৪, ০০০০২৫, ০০০০৫৭, ০০০০৬৬, ০০০০৭১, ০০০০৭৯, ০০০০৮০, ০০০০৮৪, ০০০০৯৪, ০০০০৯৯, ০০০১৪০, ২০০০৩১, ৩০০০২৭, ৩০০০৩৭, ৭০০০১৫ = ২১ জন

২. মৌখিক পরীক্ষার জন্য প্রার্থীদের নামে নতুন করে সাক্ষাৎকার পত্র প্রেরণ করা হবে না। লিখিত পরীক্ষার প্রবেশপত্র মৌখিক পরীক্ষার জন্য প্রযোজ্য হবে। কোন প্রার্থীর প্রবেশপত্র হারিয়ে গেলে বা নষ্ট হয়ে গেলে কমিশনের ওয়েবসাইট www.bpsc.gov.bd অথবা টেলিটকের ওয়েবসাইট <http://bpsc.teletalk.com.bd> থেকে তা ডাউনলোড করা যাবে। প্রবেশপত্র ছাড়া মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না। প্রার্থীদের সকল শিক্ষাগত যোগ্যতার সনদের মূলকপি, জাতীয় পরিচয়পত্র, চাকুরীরত প্রার্থীদের নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক সীল স্বাক্ষরিত মূল ছাড়পত্রের কপি এবং লিখিত পরীক্ষার প্রবেশপত্র অবশ্যই মৌখিক পরীক্ষার সময় আনতে হবে। অন্যথায় মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীগণ মোবাইল ফোন সঙ্গে রাখতে পারবে না।
৩. মৌখিক পরীক্ষায় অংশগ্রহণকারী প্রার্থীদের মূল আবেদনপত্র (বিপিএসসি ফরম-৩) কমিশনের ওয়েবসাইট থেকে ডাউনলোড করে যথাযথভাবে পূরণ পূর্বক সকল শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত কপি, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি, প্রবেশপত্রের ফটোকপি, চাকুরীরত প্রার্থীদের নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক সীল স্বাক্ষরিত মূল ছাড়পত্রের সত্যায়িত কপি সহ মৌখিক পরীক্ষার বোর্ডে জমা দিতে হবে।
৪. কোন প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত গুরুতর (substantive) কোন শর্তের ঘাটতি পাওয়া গেলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যে কোন পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে।

পড়াশুনা এবং জ্ঞান অর্জনের মাধ্যমে ভালোভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন। চাকরির ক্ষেত্রে কোনরূপ তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

শেখ শাখাওয়াৎ হোসেন
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)
যুগ্ম সচিব।